

কোটেশন আহ্বান

নং-৪২.০৩২.০০৭.০৫.০০.০১৩.২০১৬- ৫৬৪


তারিখ : ১৫ কার্তিক ১৪২৪
৩০ অক্টোবর ২০১৭

পানি সম্পদ মন্ত্রণালয়ের ৪র্থ শ্রেণীর কর্মচারীদের সাজ-পোষাক সরবরাহের লক্ষ্যে প্রকৃত সরবরাহকারীর নিকট হতে সীল মোহরকৃত কোটেশন আহ্বান করা যাচ্ছে। আগামী ১০ নভেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত যে কোন কার্যদিবসে অফিস সময়ের মধ্যে এ অফিস থেকে (কক্ষ নং-৪১৬, ভবন নং-৬, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়) কোটেশনের সিডিউল সংগ্রহ করা যাবে। নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে আগামী ১১ নভেম্বর ২০১৭ তারিখ বেলা ০২.০০ ঘটিকার মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ে রক্ষিত বাক্সে (কক্ষ নং-৪১৬, ভবন নং-৬, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়) কোটেশন দাখিল করতে হবে।

শর্তাবলী :-

- ১। কোটেশন আগামী ১১ নভেম্বর ২০১৭ তারিখ দুপুর ২.০০ ঘটিকার মধ্যে পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রশাসন-৩/সেবা শাখায় রক্ষিত বাক্সে (কক্ষ নং-৪১৬, ভবন নং-৬, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়) জমা দিতে হবে। একই দিন বেলা ০৩.০০ ঘটিকায় পানি সম্পদ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের অফিস কক্ষে (ভবন নং-৬, কক্ষ নং ৪০১, ৫ম তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) কোটেশন দাতা বা মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) কোটেশন খোলা হবে।
- ২। কোটেশনের সাথে হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন, ভ্যাট/আয়কর, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট ইত্যাদি সনদের সত্যায়িত কপি সংযোজন করতে হবে।
- ৩। কোটেশনের শর্তাবলী সম্পর্কে সম্মত থাকার অঙ্গীকারনামায় স্বাক্ষর করে কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৪। মালামাল সরবরাহকারীর বিল হতে সরকারি বিধি মোতাবেক ভ্যাট/আইটি কর্তন করা হবে।
- ৫। পিপিআর-২০০৮ এবং প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পালন করতে হবে।
- ৬। দাখিলকৃত কোটেশনের মধ্যে সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানকে কোটেশন মূল্যায়ন কমিটির সুপারিশের ভিত্তিতে কার্যাদেশ প্রদান করা হবে।
- ৭। যে কোন কোটেশন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ৮। নিম্নরূপ Specification অনুযায়ী মালামাল সরবরাহ করতে হবে:

| ক্রমিক | পোষাকের বর্ণনা | পরিমাণ | একক মূল্য | মোট মূল্য |
|--------|---|----------------|-----------|-----------|
| ০১ | ভি গলার ফুল সোয়েটার (পুরুষ-০১ জন) | ০১(এক)টি | | |
| ০২ | সাদা ফুল শার্ট (পুরুষ-০১ জন) | ০১(এক)টি | | |
| ০৩ | ফুল সাফারি (পুরুষ-০৫ জন) | ০৫(পাঁচ)টি | | |
| ০৪ | হাফ সাফারি (পুরুষ-০৫ জন) | ০৫(পাঁচ)টি | | |
| ০৫ | জুতা (বাটা কালো অক্সফোর্ড সু) পুরুষ-১৩ জন | ১৩(তের)জোড়া | | |
| ০৬ | মোজা (পুরুষ-১৩ জন এবং মহিলা-২) ১৫ জন | ৩০(ত্রিশ)জোড়া | | |
| ০৭ | ছাতা (পুরুষ-১৩ জন এবং মহিলা-২ জন) ১৫ জন | ১৫(পনের)টি | | |
| ০৮ | শাড়ি (জর্জেট) মহিলা-০১ জন | ০২(দুই)টি | | |
| ০৯ | শাড়ি (সুতি) মহিলা-০১ জন | ০২(দুই)টি | | |
| ১০ | ব্লাউজ (ফুল হাতা) মহিলা-০১ জন | ০২(দুই)টি | | |
| ১১ | ব্লাউজ (হাফ হাতা) মহিলা-০১ জন | ০২(দুই)টি | | |
| ১২ | পেটিকোট (মহিলা-০১ জন) | ০৪(চার)টি | | |
| ১৩ | জুতা (মহিলা-০২ জন) | ০৪ (চার)জোড়া | | |
| ১৪ | নাম ফলক (পুরুষ-০৫ জন এবং মহিলা-০১ জন)-০৬ জন | ০৬(ছয়)টি | | |


(মোঃ নজরুল ইসলাম)

সহকারী সচিব (প্রশাসন-৩)

ফোন: ৯৫৪৫১৩২

(গরের পৃষ্ঠা সদয় দ্রষ্টব্য)

(পূর্ব পৃষ্ঠার পর)

বিতরণ:


- ১। প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পানি সম্পদ মন্ত্রণালয়ের ওয়েব সাইট ও জাতীয় পোর্টালে প্রকাশের জন্য)।
- ২। সচিবালয়ের সকল গেইট ও নোটিশ বোর্ড, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। ৬ নং ভবনের নীচের নোটিশ বোর্ড।
- ৪। পানি সম্পদ মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড, ঢাকা।
- ৫। স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জিপিও নোটিশ বোর্ড, ঢাকা।

নং-৪২.০৩২.০০৭.০৫.০০.০১৩.২০১৬-৫৬৪

তারিখ : ১৫ কার্তিক ১৪২৪
৩০ অক্টোবর ২০১৭

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্ম-সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ নজরুল ইসলাম)
সহকারী সচিব (প্রশাসন-৩)